দৈনিক
ইনকিলাব

তারিখ 23 NOV 2006
পৃষ্ঠা ... কলাম ...

# মাদ্রাসা শিক্ষা আজ নানাবিধ ষড়যন্ত্রের শিকার

## –আল্লামা ফুলতলী ছাহেব

স্টাফ রিপোর্টার

সুনামগঞ্জের ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ বুরাইয়া কামিল মাদ্রাসার ফাযিল-কামিল জামায়াতের সবক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপমহাদেশের প্রখ্যাত আলেমে দ্বীন শামসুল উলামা আল্লামা ফুলতলী ছাহেব কিবলাহ বলেন– মাদ্রাসা শিক্ষা আজ চরম অবহেলার মুখে ও নানাবিধ ষড়যন্ত্রের শিকার। ৫-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## মাদ্রাসা শিক্ষা আজ নানাবিধ

১২-এর পৃষ্ঠার পর

মাদ্রাসা শিক্ষার স্বকীয়তা বজায় রেখে রাসূল (স.)-এর প্রকৃত আদর্শ সমাজ ও ব্যক্তিজীবনে প্রতিষ্ঠিত করতে হলে সর্বোপরি মুসলিম মিল্লাতের বিজয় সুনিশ্চিত করতে হলে ছাত্রদের কোরআন-হাদীসের ইলম অর্জন করে প্রকৃত আলেম হতে হবে।

গতকাল (বুধবার) দুপুর ১২টায় বুরহিয়া কামিল মাদ্রসার প্রিন্সিপাল মাওলানা এ এইচ এম নুরুল হকের সভাপতিত্বে ও প্রভাষক মাওলানা নুরুর রহমান-এর পরিচালনায় অনুষ্ঠিত সভায় তিনি আরো বলেন– মুসলমানদের অতীত ঐতিহ্য রক্ষার্থে ছাত্র সমাজকে লেখা-পড়ার পাশাপাশি প্রকৃত ইসলামী আন্দোলনে শরীক হয়ে আল্লাহ ও তাঁর রাসূল (সা.)-এর সন্তুষ্টি অর্জন করতে হবে। সভায় বিশেষ তিথি হিসেবে উপস্থিত ছিলেন সুনামগঞ্জ জেলা আল-ইসলাহ'র সহ-সভাপতি উপাধ্যক্ষ মাওলানা সিরাজুল ইসলাম ফারুকী। সহযোগী অধ্যাপক মাওলানা শামসুল হক। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রধান মুহাদ্দিছ মাওলানা ছালেহ আহমদ, মুহাদ্দিছ মাওলানা মুঃ হাবীবুর রহমান, মাওলানা মু. নিয়াম উদ্দীন।